গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবীগঞ্জ, হবিগঞ্জ।
web : nabiganj.habiganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৩৬৭৭.০০১.০৪.০২১.২০২২-১১, তারিখঃ ০৪ /০১/২০২৩ খ্রি.।

নিয়োগ বিজ্ঞপ্তি:

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ মোতাবেক হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে (গ্রাম পুলিশ) মহল্লাদার এর শুন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হবে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | পদের নাম | শুন্য পদের সংখ্যা | ওয়ার্ড নং | বেতন-ভাতা |
|---|---|---|---|---|---|
| ০১ | ০১নং বড় বাকৈর (পশ্চিম) | মহল্লাদার | ০১ (এক)টি। | ১-০৯ | বিধি মোতাবেক বেতন ভাতা, উৎসব ভাতা ও নববর্ষ ভাতা প্রাপ্য হবেন। |
| ০২ | ০২নং বড় বাকৈর (পূর্ব) | মহল্লাদার | ০৩ (তিন)টি। | ৫,৭,৮ | |
| ০৩ | ০৩ নং ইনাতগঞ্জ | মহল্লাদার | ০২(দুই)টি। | ৫,৬ | |
| ০৪ | ০৪নং দীঘলবাক | মহল্লাদার | ০২ (দুই) টি। | ২,৩ | |
| ০৫ | ০৫নং আউশকান্দি | মহল্লাদার | ০৪ (চার)টি। | ১,৩,৪,৮ | |
| ০৬ | ০৬নং কুর্শী | মহল্লাদার | নাই। | --- | |
| ০৭ | ০৭নং করগাঁও | মহল্লাদার | নাই। | --- | |
| ০৮ | ০৮নং নবীগঞ্জ সদর। | মহল্লাদার | ০৩ (তিন)টি | ২,৫,৭ | |
| ০৯ | ০৯নং বাউশা | মহল্লাদার | ০২(দুই)টি। | ৩,৭ | |
| ১০ | ১০নং দেবপাড়া | মহল্লাদার | ০১(এক) টি। | ০৪ | |
| ১১ | ১১নং গজনাইপুর | মহল্লাদার | নাই। | --- | |
| ১২ | ১২নং কালিয়ারভাঙ্গা | মহল্লাদার | ০৫(পাঁচ) টি। | ১,৩,৬,৮,৯ | |
| ১৩ | ১৩নং পানিউমদা | মহল্লাদার | ০৪ (চার)টি। | ০১-০৯ | |

আগ্রহী প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগামী ০৫/০২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, গ্রাম পুলিশ নিয়োগ কমিটি, নবীগঞ্জ, হবিগঞ্জ বরাবরে সরাসরি বা ডাকযোগে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী :

০১। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

০২। প্রার্থীর বয়স ০৫/০২/২০২৩ খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছর ও মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে হতে হবে।

০৩। প্রার্থীর শারীরিক যোগ্যতা:

(ক) উচ্চতা- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৫ ফুট ২ ইঞ্চি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৫ ফুট।

(খ) বুকের মাপ- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ৩০ ইঞ্চি(স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে ২৮ ইঞ্চি (স্বাভাবিক);৩০ ইঞ্চি (সম্প্রসারণ)।

(গ) ওজন- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৪৫ কেজি।

০৪। শিক্ষাগত যোগ্যতা- ন্যূনতম ৮ম শ্রেণী পাস অথবা যেকোন স্বীকৃত বোর্ড হতে জেএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

০৫। প্রার্থীকে (ক) নাম, (খ) মাতার নাম (গ) পিতা/স্বামীর নাম(ঘ) বর্তমান ও স্থায়ী ঠিকানা (ঙ) শিক্ষাগত যোগ্যতা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (০৫/০২/২০২৩ খ্রি. তারিখে) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ লিখিত আবেদন দাখিল করতে হবে। (কম্পিউটার কম্পোজ আবেদন গ্রহণযোগ্য)।

০৬। আবেদনের সাথে ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, চারিত্রিক সনদপত্র, ইউ/পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, ভোটার আইডি কার্ড/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি, বিশেষ কোটার স্বপক্ষে প্রমাণাদির সত্যায়িত কপি, পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি (সত্যায়িত) সংযুক্ত করতে হবে।

(চলমান পাতা নং-০২)

CamScanner

০৭। সরকার কর্তৃক সর্বশেষ জারীকৃত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

০৮। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে বিধিমালায় বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসর প্রাপ্ত গ্রাম পুলিশের পুত্র,কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

০৯। প্রার্থীকে আবেদনের সাথে " উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ" বরাবরে ১০০/- ( একশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

১০। নির্বাচনী/ মৌখিক পরীক্ষার সময় প্রার্থীগণকে অবশ্যই দাখিলকৃত সকল প্রমাণাদির মূলকপি প্রদর্শন করতে হবে।

১১। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

১২। নির্বাচনী/ মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধন, পরিমার্জন কিংবা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫। ইতোপূর্বে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যারা আবেদন দাখিল করেছিলেন, পুনরায় আবেদন দাখিল করার প্রয়োজন নেই।

০৫.০১.২৩

( ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
(গ্রাম পুলিশ) মহল্লাদার নিয়োগ কমিটি
নবীগঞ্জ, হবিগঞ্জ।

স্মারক নং- ০৫.৪৬.৩৬৭৭.০০১.০৪.০২১.২০২২-১১(৫০), তারিখঃ০৪ /০১/২০২৩ খ্রি.।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে:-</u>

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকপার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, হবিগঞ্জ।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

<u>অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে)।</u>

০১। সহকারী কমিশনার (ভূমি), নবীগঞ্জ, হবিগঞ্জ।
০২। অফিসার ইনচার্জ, নবীগঞ্জ থানা।
০৩। উপজেলা.......................................................................... কর্মকর্তা (সকল), নবীগঞ্জ, হবিগঞ্জ।
০৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, নবীগঞ্জ, হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
০৫। চেয়ারম্যান,........................................................................... ইউ/পি (সকল),নবীগঞ্জ, হবিগঞ্জ।
( ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট-বাজারের দর্শনীয় স্থানে মাইকযোগে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)।
০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.................. ............................... ইউনিয়ন ভূমি অফিস, নবীগঞ্জ, হবিগঞ্জ। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
০৭। সভাপতি, প্রেস ক্লাব, নবীগঞ্জ, হবিগঞ্জ। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ।
০৮। জনাব............................................................................................. নবীগঞ্জ, হবিগঞ্জ।
০৯। নোটিশ বোর্ড।
১০। অফিস কপি।

০৫.০১.২৩

(ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
নবীগঞ্জ, হবিগঞ্জ।

e-mail : unonabiganj@mopa.gov.bd

CamScanner